

পরীক্ষার্থীদের জন্য নির্দেশনাবলী

- ০১। পরীক্ষার্থীগণকে প্রিলিমিনারি ও লিখিত পরীক্ষার দিনে নির্দিষ্ট কেন্দ্রে পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে উপস্থিত হতে হবে।
- ০২। পরীক্ষার্থীগণকে সকল (প্রিলিমিনারি, লিখিত এবং মৌখিক) পরীক্ষায় অবশ্যই প্রবেশপত্রের মূল (অরিজিনাল) কপি সঙ্গে আনতে হবে।
- ০৩। প্রিলিমিনারি, লিখিত এবং মৌখিক পরীক্ষার সময় এই প্রবেশপত্রটি প্রদর্শন করতে হবে ও প্রবেশপত্রটি সযত্নে সংরক্ষণ করতে হবে।
- ০৪। পরীক্ষার্থীগণকে জাতীয় পরিচয় পত্র (NID)-এর মূলকপি অবশ্যই সঙ্গে আনতে হবে। জাতীয় পরিচয় পত্রের মূল কপি প্রদর্শন ব্যতীত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।
- ০৫। পরীক্ষা কেন্দ্রে কোন ধরনের মোবাইল ফোন, ক্যালকুলেটর, ইলেকট্রনিক সামগ্রী আনা যাবে না এবং কোন ধরনের কাগজপত্র, ব্যাগ ইত্যাদি সাথে রাখা যাবে না। যদি কোন প্রার্থীর নিকট এরূপ কোন কিছু পাওয়া যায় তাহলে তাঁকে সরাসরি বহিষ্কার করা হবে এবং ভবিষ্যতে অনুষ্ঠেয় পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা হবে। কোন পরীক্ষার্থী কেন্দ্রে মোবাইল ফোন বা অন্য কোন সামগ্রী আনলে তা কেন্দ্রের বাহিরে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।
- ০৬। প্রত্যেক পরীক্ষার্থীকে ছবি সম্বলিত রোল নম্বর অনুযায়ী নির্ধারিত আসনে বসতে হবে।
- ০৭। প্রত্যেক পরীক্ষার্থীকে ছবি সম্বলিত প্রিন্টেড হাজিরা শিটে অবশ্যই স্বাক্ষর প্রদান নিশ্চিত করতে হবে, অন্যথায় তাকে অনুপস্থিত বলে গণ্য করা করা হবে।
- ০৮। পরীক্ষা চলাকালীন পরীক্ষা কক্ষ/পরীক্ষা কেন্দ্র ত্যাগ করা যাবে না।
- ০৯। পরীক্ষা শেষে প্রত্যেক পরীক্ষার্থীকে প্রশ্নপত্র নিজ নিজ উত্তরপত্রের সাথে সংশ্লিষ্ট কক্ষ পরিদর্শকের নিকট জমা দিতে হবে। অন্যথায় উত্তরপত্রটি বাতিল বলে গণ্য করা হবে।
- ১০। পরীক্ষা হলে কোন ধরনের অসদুপায় অবলম্বন করলে তাঁকে পরীক্ষা হতে বহিষ্কারসহ প্রয়োজনে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিকট সোপর্দ করা হবে।

স্বাক্ষরিত/-

(সুমন চাকমা)

যুগ্ম পরিচালক

ও

সদস্য সচিব

মূসক পরামর্শক লাইসেন্স পরীক্ষা পরিচালনা কমিটি-২০২৬

☎ ০২-৩৩৩৮০২৪১

bcta2018@gmail.com